


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো  
মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)  
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮



নং-৩৮.৩৯৯.০০২.০০.০০.১৩৮.২০১৭-১২

তারিখ: ২৫ পৌষ ১৪২৪  
০৮ জানুয়ারি ২০১৮


বিষয়: অফিস সহায়কদের হাজিরা শীট প্রত্যয়ন।

মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) ডিপিপি অনুযায়ী কর্মসূচি চলমান প্রতিটি উপজেলার একজন করে অফিস সহায়ক নিয়োগের সুযোগ রয়েছে। এইসব অফিস সহায়ক নিয়োগের জন্য আউট সোর্সিং প্রতিষ্ঠান হিসাবে হোমল্যান্ড সিকিউরিটি এন্ড গার্ড সার্ভিসেস লি: চুক্তিবদ্ধ হয়েছে। অফিস সহায়কগণ নিয়মিত হাজিরার ভিত্তিতে মাসিক টাকা ১৪৪৫০.০০ (চৌদ্দ হাজার চারশত পঞ্চাশ) মাত্র হারে বেতন ভাতা, টাকা ৮২৫০.০০ (আট হাজার দুইশত পঞ্চাশ) হারে বছরে দুইটি করে উৎসব ভাতা এবং উৎসব ভাতার এক পঞ্চমাংশ হিসাবে নববর্ষ ভাতা প্রাপ্য হবেন।

কর্মরত অফিস সহায়কগণের নিয়মিত হাজিরা নিশ্চিত করণের লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা প্রোগ্রাম অফিসারগণ তাঁর আওতাধীন অফিস সহায়কের হাজিরা নিশ্চিত করবেন। পরবর্তী মাসের প্রথম কর্মদিবসে পূর্ববর্তী মাসের হাজিরা খাতাটি ফটোকপি করে নিয়মিত উপস্থিতির প্রত্যয়ণ করবেন এবং জেলার সহকারী পরিচালকের দপ্তরে জমা দিবেন। সংশ্লিষ্ট জেলার সহকারী পরিচালক তার জেলার সকল উপজেলা থেকে প্রাপ্ত প্রত্যয়িত কপিতে অনুসন্ধান করে হার্ডকপি ও সফটকপি প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করবেন। হোমল্যান্ড সিকিউরিটি এন্ড গার্ড সার্ভিসেস লি: কে সংশ্লিষ্ট সহকারী পরিচালকের দপ্তর থেকে উক্ত তথ্য সংগ্রহ করে প্রকল্প দপ্তরের বিলের সাথে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

ই-মেইল ঠিকানা প্রকল্পের অর্থ শাখা- [blp64acc@gmail.com](mailto:blp64acc@gmail.com) এবং হোমল্যান্ড সিকিউরিটি এন্ড গার্ড সার্ভিসেস লি: - [homelandf@yahoo.com](mailto:homelandf@yahoo.com)।

বিষয়টি অতীব জরুরী।

  
০৮/০১/২০১৮  
(ড. মোঃ আলফাজ হোসেন)  
(যুগ্ম-সচিব)  
প্রকল্প পরিচালক (অতিঃ দাঃ)

সহকারী পরিচালক  
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো  
জেলা.....(সকল)।

**অনুলিপি:**

- ১। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
- ২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (উশিবুরে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপজেলা প্রোগ্রাম অফিসার, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উপজেলা.....।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, হোমল্যান্ড সিকিউরিটি এন্ড গার্ড সার্ভিসেস লি:, ১৮/১ ডিআইটি রোড (৫ম তলা)  
পূর্ব রামপুরা, ঢাকা-১২১৯।
- ৬। অফিস কপি (নথিতে সংরক্ষণের জন্য)।